

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০১৫.১৭-৩৫৪

তারিখ : ২৯.১১.২০১৮ খ্রিঃ

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরাদীন কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্ল্যানের আওতায় কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) (গ্রেড-১৪) শূন্য পদে জনবল নিয়োগের প্রকাশিত চূড়ান্ত ফলাফল অনুযায়ী নিয়োগপত্র জারীর অনুমোদন প্রসঙ্গে।


সূত্র: স্বা:অধি:/সিবিএইচসি/ক:ক্রি/সিএইচসিপি/নিয়োগ-০৯(গ্রেড ১১-২০)/২০১৮/১৭১১,

তারিখ : ২৯.১১.২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অনুকূলে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSP)'র (২০১৭-২০২২) অধীন কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্ল্যানের আওতায় দেশব্যাপী ১,১৫৬ টি (কম/বেশি) কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের MIS বিভাগ লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনকারী প্রার্থীগণের প্রাপ্ত নম্বরসমূহ যোগ করে সরকারী সকল বিধি বিধান অনুসরণ পূর্বক মেধাক্রমের ভিত্তিতে ১১৬৩ (এগারশত ত্রিষষ্টি) জন প্রার্থীর চূড়ান্ত ফলাফল নিয়োগ কমিটির নিকট প্রেরণ করেন।

নিয়োগ কমিটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের MIS বিভাগ কর্তৃক প্রেরিত ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত ফলাফলে উত্তীর্ণ প্রার্থীদের-কে নিয়োগ প্রদানের জন্য সুপারিশ করেন।

এমতাবস্থায়, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্ল্যানের আওতায় কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) (গ্রেড-১৪) শূন্য পদে জনবল নিয়োগের প্রকাশিত চূড়ান্ত ফলাফল অনুযায়ী নিয়োগ/বাছাই কমিটির সুপারিশকৃত ১১৬৩ (এগারশত ত্রিষষ্টি) জন প্রার্থীর নিয়োগে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।


(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

লাইন ডাইরেক্টর

ও

সভাপতি (১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার

বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।

অনুলিপি :

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্ম সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।